

A10
স্বাক্ষর
২৭/৫/১৬

Professor Harun-or-Rashid
Ph.D. (London)
Vice-Chancellor



প্রফেসর হারুন-অর-রশিদ
পিএইচ ডি (লন্ডন)
ভাইস-চ্যান্সেলর

NATIONAL UNIVERSITY
Gazipur-1704, Bangladesh

সূত্র : ০১(৯৭৪) জাতীঃ বিঃ/ প্রশাঃ/কঃর্যাঃ/২০১৫/১/২৬-১৫ (৩৬)

তারিখ: ১৫/০৫/২০১৬

অধ্যক্ষ
ঢাকা কমার্স কলেজ
ঢাকা।


বিষয় : কলেজ র্যাংকিং ২০১৫-এর অ্যাওয়ার্ড প্রাপ্তিতে অভিনন্দন

আপনি জেনে খুশি হবেন যে, জাতীয় বিশ্ববিদ্যালয় কলেজ র্যাংকিং ২০১৫-এর ঘোষিত ফলাফল অনুযায়ী অর্জিত স্কোরের ভিত্তিতে ^(১) জাতীয় পর্যায়ে প্রথম ৫ (পাঁচ)টি সেরা কলেজের মধ্যে আপনার কলেজ ৪র্থ স্থান ^(২) জাতীয় পর্যায়ে বেসরকারি কলেজসমূহের মধ্যে ১ম স্থান ^(৩) এবং আঞ্চলিক র্যাংকিং-এর ভিত্তিতে ঢাকা-ময়মনসিংহ বিভাগের কলেজসমূহের মধ্যে ৩য় স্থান অধিকার করেছে। এজন্য বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে এবং আমার ব্যক্তিগত তরফ থেকে আপনাকে এবং আপনার মাধ্যমে আপনার সহকর্মীবৃন্দ ও কলেজ সংশ্লিষ্ট সবাইকে শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করছি।

জাতীয় বিশ্ববিদ্যালয় কলেজ র্যাংকিং ২০১৫ এ নির্বাচিত সেরা কলেজসমূহকে আগামী ২০শে মে ২০১৬ শুক্রবার বিকেল ৪:০০টায় ঢাকার শাহবাগস্থ জাতীয় জাদুঘরের প্রধান মিলনায়তনে আনুষ্ঠানিকভাবে সম্মাননা স্মারক, সনদ ও পুরস্কার প্রদান করা হবে। এ অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি প্রধান অতিথি এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন-এর মাননীয় চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। এ অনুষ্ঠানে আপনার উপস্থিতি একান্তভাবে কাম্য।

আপনার কলেজের উত্তরোত্তর উন্নতি ও সমৃদ্ধি কামনা করছি।

শুভেচ্ছাসহ,


(প্রফেসর ড. হারুন-অর-রশিদ)
ভাইস-চ্যান্সেলর